



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) আধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০১.২০- ১৬৮

তারিখ: ০৯ কার্তিক ১৪২৭  
২৫ অক্টোবর ২০২০


সভার নোটিশ

আগামী ২৯.১০.২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভার কার্যপত্র তৈরির নিমিত্ত (i) এ বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার উল্লেখযোগ্য কার্যক্রম (ii) বিগত ২৭.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রযোজ্য অংশের) এবং (iii) নিষ্পন্ন/অনিষ্পন্ন বিষয়াদির তথ্যাদি আগামী ২৭.১০.২০২০ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি আকারে (ই-মেইল-[monitor@hsd.gov.bd](mailto:monitor@hsd.gov.bd)) নিয়ন্ত্রকরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বিগত ২৭.০৯.২০২০ তারিখের সভার কার্যবিবরণী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে ১৯.১০.২০২০ তারিখে স্মারক নং-১৫৯, [www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd) Circular/Admin Order এ আপলোড করা হয়েছে। প্রয়োজনে প্রিন্ট নেয়ার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি:

- (ক) বিগত ২৭.০৯.২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- (খ) নিষ্পন্ন/অনিষ্পন্ন বিষয়াদি পর্যালোচনা;
- (গ) কোভিড-১৯ জনিত মহামারী উপলক্ষ্যে গৃহীত ব্যবস্থা সংক্রান্ত আলোচনা;
- (ঘ) অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং বিভিন্ন অনুবিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম ও সমস্যা সম্পর্কিত পর্যালোচনা;
- (ঙ) ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা;
- (চ) ই-জিপি অগ্রগতি সম্পর্কিত পর্যালোচনা;
- (ছ) বিবিধ।



(উর্মি তামান্না)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

মন্ত্রণালয়/বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা
৪. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৮. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
৯. সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা
১০. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা




স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০১.২০-১৬৮

তারিখ: ০৯ কার্তিক ১৪২৭  
২৫ অক্টোবর ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে গাড়িসহ প্রবেশের অনুরোধসহ)।
৩. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভা সমন্বয়কারী কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। তাঁকে ৪০ (চল্লিশ) জন কর্মকর্তার দুপুরের খাবার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

  
(উম্মি তামারা)  
উপসচিব